

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৫]

৩। হায়য ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৬. নাপাক অবস্থায় ঘুমানো জায়িয; তবে খাদ্য গ্রহণ, শয়নকালে অথবা স্ত্রীর সাথে মেলামেশা করতে চাইলে তার জন্যে ওযু করা এবং লজ্জাস্থান ধুয়ে নেয়া মুস্তাহাব।

باب جَوَازِ نَوْمِ الْجُنُبِ وَاسْتِحْبَابِ الْوُضُوءِ لَهُ وَغَسْلِ الْفَرْجِ إِذَا أَرَادَ أَنْ يَأْكُلَ أَقْ يَشْرَبَ أَقْ يَنَامَ أَقْ يُجَامِعَل

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَمُحَمَّدُ بْنُ رُمْحٍ، قَالاَ أَخْبَرَنَا اللَّيْثُ، ح وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا لَيْتُ، عَنِ ابْنِ شِهَاب، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَن، عَنْ عَائِشَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ وَهُوَ جُنُبٌ تَوَضَّاً وُضُوءَهُ لِلصَّلاَةِ قَبْلَ أَنْ يَنَامَ .

বাংলা

৫৮৬-(২১/৩০৫) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীমী, মুহাম্মাদ ইবনু রুমহ ও কুতাইবাহ ইবনু সাঈদ (রহঃ)
..... আয়িশাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাপাকী অবস্থায় যখন ঘুমাতে ইচ্ছা করতেন তখন ঘুমাবার আগে সালাতের জন্য যেমন ওযু করতে হয় তেমন ওযু করতেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৯০, ইসলামিক সেন্টারঃ ৬০৬)

English

Chapter: It is permissible for one who is junub to sleep, but it is recommended for him to perform wudu', and wash his private parts if he wants to eat, drink, sleep, or have intercourse

'A'isha reported: Whenever the Messenger of Allah (ﷺ) intended to sleep after having sexual intercourse, he performed ablution as for the prayer before going to sleep.

হাদিসের শিক্ষা



- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। জুনুবী ব্যক্তি তাকেই বলা যেতে পারে, যে ব্যক্তি যৌনকর্ম বা যৌন সংসর্গ করবে যদিও তাতে বীর্যপাত না ঘটে। কিংবা যে ব্যক্তি বীর্যপাত করবে যদিও তাতে যৌনমিলন না ঘটে। এই বিষয়ে নারী পুরুষের মধ্যে কোনো তফাত নেই। আর জুনুবী ব্যক্তির জন্য গোসল করার পূর্বে পানাহার করা এবং পুনরায় শারীরিক সম্পর্ক ও যৌনমিলন করা জায়েজ।
- ২। জুনুবী অবস্থায় নারীদের জন্য রান্না করা, বাড়ির সেবা করা, সন্তানদেরকে দেখাশুনা ও তত্ত্বাবধান করা এবং তাদের নিজেদের প্রয়োজন পূরণ করা বৈধ।
- ৩। জুনুবী ব্যক্তি যখন পানাহার করার ইচ্ছা করবে অথবা ঘুমানোর ইচ্ছা করবে কিংবা পুনরায় যৌনমিলন বা সহবাস করার ইচ্ছা করবে, তখন তার জন্য নামাজের ওজুর ন্যায় ওজু করে নেওয়া ভালো আর গোসল করে নেওয়া অধিকতর ভালো। কেননা গোসলের মাধ্যমে শরীরে ফুর্তি, উৎসাহ, আনন্দ এবং শক্তি আসে এবং বীর্যপাত হওয়ার কারণে শরীরের মধ্যে থেকে যে শক্তি ও তৎপরতা কমে যায়, সেই শক্তি ও তৎপরতা গোসলের মাধ্যমে ফিরে আসে এবং অধিকতর তৃপ্তি লাভ হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন